



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/8/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ইন্টারসেক্স ব্যক্তিদের উপর মেডিকেল চিকিৎসার প্রভাব সম্পর্কে একটি আউটরিচ কর্মসূচি বিকাশ বিধিমালায় স্বাক্ষর করলেন

বিধিমালা S.5399/A.5627 ইন্টারসেক্স ব্যক্তি, ইন্টারসেক্স নেতৃত্বাধীন সংগঠন, এবং তাদের পছন্দের অ্যাডভোকেটদের জন্য আউটরিচ পরিচালনা করা DOH এর জন্য আবশ্যিক করে

গভর্নর দেশের প্রথম এ ধরনের বিধিমালায় স্বাক্ষর করলেন ইন্টারসেক্স সংহতি দিবসের দিন, এটি ইন্টারসেক্স সম্প্রদায়ের জন্য সচেতনতার একটি বৈশ্বিক দিবস

গভর্নর ক্যাথি হোকল আজকে বিধিমালা S.5399/A.5627 স্বাক্ষর করলেন যা ইন্টারসেক্স ব্যক্তিকে মেডিকেলশাস্ত্র অনুযায়ী অপ্রয়োজনীয় চিকিৎসা প্রদান সম্পর্কে সর্বসাধারণের জন্য একটি তথ্য ও আউটরিচ ক্যাম্পেইন পরিচালনা করা নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের (New York State Department of Health, DOH) জন্য আবশ্যিক করে। মার্কিন যুক্তরাষ্ট্রে এ ধরনের প্রথম স্টেটব্যাপী আইন, বিধিমালাটিতে গভর্নর স্বাক্ষর করলেন ইন্টারসেক্স সংহতি দিবসের (Intersex Day of Solidarity) দিনে, এটি ইন্টারসেক্স ব্যক্তি এবং তারা যেই অনন্য সমস্যার সম্মুখীন হয় সেই সম্পর্কে সচেতনতার একটি দিন।

"আমরা যখন ইন্টারসেক্স সংহতি দিবস পালন করছি, তখন এই সম্প্রদায়কে সমর্থন করে ও তাদের উত্থিত করবে এমন একটি নতুন বিধিমালায় স্বাক্ষর করতে পেরে আমি গর্বিত," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কের প্রত্যেক ব্যক্তির, বিশেষ করে আমাদের শিশুদের, আমাদের মেডিকেল ব্যবস্থায় মর্যাদার সাথে চিকিৎসা পাওয়ার অধিকার রয়েছে। নতুন এই আইনটি ইন্টারসেক্স সম্প্রদায় সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং তারা যাতে অবগত হতে পারে এবং সহানুভূতিশীল চিকিৎসা সেবা পেতে পারে তা নিশ্চিত করবে।"

বিধিমালা S.5399/A.5627 এর উদ্দেশ্য হলো সীমাবদ্ধ নারী-পুরুষ দ্বৈত বিভাগে মানানসই করার জন্য ইন্টারসেক্স কমবয়সীদের অপ্রয়োজনীয় চিকিৎসা প্রদানের ফলে হওয়া সম্ভাব্য ক্ষতি হ্রাস করা। এছাড়াও ইন্টারসেক্স দশায় প্রাকৃতিক ভাবে জন্ম নেওয়া ব্যক্তিদের সম্পর্কে এবং তাদের জন্য সুপারিশ করা জরুরি এবং জরুরি নয় এমন চিকিৎসা পদ্ধতি যেই ঝুঁকি বহন করে সেই সম্পর্কে সচেতনতা সৃষ্টি করতেও ক্যাম্পেইনটি কাজ করবে।

স্টেটের সিনেটর ব্র্যাড হোয়েলম্যান-সিগাল বলেন, "আনুমানিক 400,000 নিউ ইয়র্কবাসীর ইন্টারসেক্স বৈশিষ্ট্য রয়েছে, যা সেক্স চরিত্রের প্রাকৃতিক প্রকরণ। সাধারণ উপলব্ধি বিপরীত হলেও, এমন কোনো প্রমাণ নেই যে ইন্টারসেক্স অবস্থায় জন্ম নেওয়া নবজাতকদের 'ঠিক' করার সার্জিক্যাল প্রক্রিয়া শিশুদের কোনোভাবে উপকৃত করে। কার্যত, চিকিৎসাশাস্ত্র অনুযায়ী অপ্রয়োজনীয় এই অস্ত্রোপচারের একাধিক সম্ভাব্য নেতিবাচক প্রভাব রয়েছে যা সম্পর্কে পিতামাতার জানা থাকা উচিত। আমি গর্বিত যে আজকে, ইন্টারসেক্স সংহতি দিবসে, গভর্নর হোকল অ্যাসেম্বলি সদস্য সিরাইটের সাথে আমাদের বিলকে স্বাক্ষর করছেন যা ইন্টারসেক্স স্বাস্থ্য সংক্রান্ত সর্বসাধারণের জন্য একটি তথ্য ও আউটরিচ ক্যাম্পেইন পরিচালনা করা স্বাস্থ্য বিভাগের জন্য আবশ্যিক করে। অতি গুরুত্বপূর্ণ এই বিলে তাদের সমর্থনের জন্য আমি সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্স, অ্যাসেম্বলি সদস্য সীরাইট, নিউ ইয়র্ক সিভিল লিবার্টিজ ইউনিয়ন (New York Civil Liberties Union, NYCLU), নিউ প্রাইড এজেন্ডা (New Pride Agenda), এবং ইন্টারঅ্যাক্টের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য রেবেকা সিরাইট বলেন, "ইন্টারসেক্স হিসেবে জন্মগ্রহণ করা নবজাতক ও কমবয়সী শিশুদের উপর অপ্রয়োজনীয় এবং প্রায়শই ক্ষতিকর সার্জারি করা সম্পর্কে নতুন পিতামাতাকে শিক্ষিত করতে আমার স্পন্দন করা এই বিধিমালা স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি। এই শিক্ষা পিতামাতাকে এটি বুঝতে সাহায্য করবে যে সার্জারি স্থায়ী এবং তা অপরিবর্তনীয় শারীরিক ও মনস্তাত্ত্বিক প্রভাবের কারণ হতে পারে। আমরা প্রভাবিত সম্প্রদায়সমূহের সাথে নিবিড়ভাবে কাজ করতে পেরে গর্বিত, যাদের মধ্যে রয়েছে একটি অলাভজনক সংগঠন ইন্টারঅ্যাক্ট, যারা ইন্টারসেক্স বৈশিষ্ট্যসহ শিশুদের আইনি ও মানবাধিকারের পক্ষে কাজ করার জন্য উদ্ভাবনী কৌশল ব্যবহার করে। এইসব গুরুত্বপূর্ণ স্বাস্থ্য আউটরিচের বিষয়বস্তু তৈরির জন্য নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগকে অবশ্যই ইন্টারসেক্স ব্যক্তি ও অ্যাডভোকেটদের সাথে পরামর্শ করতে হবে।"

ইন্টারঅ্যাক্ট: অ্যাডভোকেটস ফর ইন্টারসেক্স ইয়ুথের (interACT: Advocates for Intersex Youth) নির্বাহী পরিচালক এরিকা লর্শবো বলেন, "আজকে গভর্নর হোকল দেশের প্রথম স্টেট হিসেবে নিউ ইয়র্কে ইন্টারসেক্স কমবয়সীদের অভিজ্ঞতা এবং তাদের শৈশবের শুরুতে তাদের মতামত গ্রহণ না করে এবং প্রায়শই অপ্রয়োজনীয় চিকিৎসা হস্তক্ষেপ করা হলে তার প্রভাব সম্পর্কে একটি সম্প্রদায়কে অবগত করার শিক্ষামূলক ক্যাম্পেইনের সূচনা করলেন। ইন্টারসেক্স প্রকরণের শিশু ও কমবয়সীদের গর্বিত অ্যাডভোকেট হিসেবে, ইন্টারঅ্যাক্ট আমরা এই বিধিমালা অগ্রসর করার জন্য সিনেটর হোয়েলম্যান এবং অ্যাসেম্বলি সদস্য সীরাইটের প্রতি এবং এটি প্রণয়নের জন্য গভর্নরের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ। ৪ নভেম্বর হলো বৈশ্বিক ইন্টারসেক্স সংহতি ও স্মরণ দিবস; আজকে আমরা সারা বিশ্বের ইন্টারসেক্স মানুষের ব্যক্তিস্বাধীনতা ও আত্মনির্ধারণের সংগ্রামকে স্মরণ করছি, এবং ইন্টারসেক্স প্রকরণের শিশুদের মানবাধিকার সম্পর্কে সচেতনতা বৃদ্ধি ও সম্মান জানাতে নিউ ইয়র্কে কাজ করা আমাদের অংশীদারদের সংহতির বহিঃপ্রকাশকে উদযাপন করছি।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)